

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ারলেভেল-০৩
৩৭/৩/এ, ইন্সটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০২.১৭.০১৩.১৮- ১৩২

তারিখ: ২৫.১০.২০১৮ খ্রি.

বিষয়: শরীয়তপুর জেলার সদর উপজেলাধীন শরীয়তপুর ইসলামিয়া মহিলা দাখিল মাদ্রাসার নৈশ প্রহরী আঃ আজিজ শরীফের খোরপোষ ভাতা এবং বকেয়া বেতনের আবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: (১) শরীয়তপুর ইসলামিয়া মহিলা দাখিল মাদ্রাসার স্মারক (ভারপ্রাপ্ত) সুপার এর আবেদন

তারিখ: ৩০.০৭.২০১৮ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রে বর্ণিত (১) নং পত্রে শরীয়তপুর জেলার সদর উপজেলাধীন শরীয়তপুর ইসলামিয়া মহিলা দাখিল মাদ্রাসার নৈশ প্রহরী আঃ আজিজ শরীফের ২৫.০১.২০১৪ খ্রি. তারিখ থেকে ১৪.০৬.২০১৬ খ্রি. তারিখ পর্যন্ত খোরপোষ ভাতা এবং বকেয়া বেতনের জন্য (ভারপ্রাপ্ত) সুপার কর্তৃক আবেদন করা হয়েছে।

০২. আবেদনটি পর্যালোচনা করে দেখা যায় যে, নৈশ প্রহরী আঃ আজিজ শরীফ মামলা জনিত কারণে ২০.১২.২০১৪ খ্রি. তারিখে গ্রেফতার হন এবং ১১.০৫.২০১৬ খ্রি. তারিখে মামলা থেকে খালাস পান।

০৩. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১৮(৫) অনুচ্ছেদে উল্লেখ আছে “ব্যক্তিগত মামলায় নির্দোষ প্রমাণিত হলে আদালতের নির্দেশনা সাপেক্ষে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় বকেয়া বেতন ভাতার সরকারি অংশ প্রদানের বিষয়ে বিবেচনা করতে পারবে।”

০৪. উল্লেখ্য যে, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো নির্দেশিকা-২০১০ (মার্চ, ২০১৩ পর্যন্ত সংশোধিত) এ ব্যক্তিগত মামলা থেকে অব্যাহতি পেলে বকেয়া বেতন ভাতা প্রদানের বিষয়ে সুস্পষ্ট কোন নির্দেশনা ছিল না।

০৫. উপরিউক্ত আবেদনটি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১৮(৫) অনুচ্ছেদের নির্দেশনার অন্তর্ভুক্ত বিধায় আবেদনটি সেমতে নিষ্পত্তিযোগ্য।

০৬. এমতাবস্থায়, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১৮(৫) অনুচ্ছেদ অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

সংযুক্তি:

বর্ণনামতে ৩৯ ফর্দ।

সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
পরিবহণ পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা।



(সফিউদ্দিন হুসাইন)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

ফোন: ৪১০৩০১৫৯

অনুলিপি:

১। সুপার, শরীয়তপুর ইসলামিয়া মহিলা দাখিল মাদ্রাসা, সদর, শরীয়তপুর।

২। অফিস কপি।